**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের সঙ্গে আলোচনা করেছেন ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ব্রহ্মকুন্ডে তিন দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিমসটেক-এ ভারতের নেতৃত্বে বেশ কয়েকটি উদ্যোগের ঘোষণা করেছেন ।**

**(৪) সংসদের বাজেট অধিবেশন আজ শেষ হয়েছে।**

*******************************************

**PM–Thailand :**

থাইল্যান্ডে বিমসটেক সম্মেলনের অবসরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ একাধিক দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। তিনি আজ বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের সঙ্গে আলোচনা করেছেন। পরে প্রধানমন্ত্রী মোদী সামাজিক মাধ্যমে বলেছেন যে ভারত বাংলাদেশের সঙ্গে একটি গঠনমূলক এবং জনকেন্দ্রিক সম্পর্কের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশে শান্তি, স্থিতিশীলতা, অন্তর্ভুক্তি এবং গণতন্ত্রের প্রতি ভারতের সমর্থনের কথা উল্লেখ করে অবৈধ সীমান্ত পারাপার রোধে এই পদক্ষেপগুলি নিয়েও আলোচনা হয়েছে। হিন্দু এবং এবং অন্যান্য সংখ্যালঘুদের নিরাপত্তা ও কল্যাণের জন্য গভীর উদ্বেগ প্রকাশ করেছেন শ্রী মোদী।

পররাষ্ট্র সচিব বিক্রম মিসরি পরে সাংবাদিকদের জানান প্রধানমন্ত্রী শ্রী মোদী বাংলাদেশের সঙ্গে একটি ইতিবাচক এবং গঠনমূলক সম্পর্ক গড়ে তোলার ভারতের আকাঙ্ক্ষাকে তুলে ধরেছেন। তিনি সীমান্তে আইনের কঠোর প্রয়োগ এবং অবৈধ সীমান্ত অতিক্রম প্রতিরোধের উপর বিশেষ জোর দিয়েছেন।

########Byte-Vikram Misri-1#######

শ্রী মিসরি বলেন প্রধানমন্ত্রী বাংলাদেশে সংখ্যালঘুদের নিরাপত্তা ও সুরক্ষার বিষয়ে ভারতের উদ্বেগও প্রকাশ করেছেন।

########Byte-Vikram Misri-2#######

শ্রী মোদী আজ ব্যাংককে নেপালের প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলির সঙ্গে বৈঠক করেছেন। উভয় নেতা ভারত-নেপাল বন্ধুত্বের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন।

আজ সকালে, শ্রী মোদী মায়ানমারের সিনিয়র জেনারেল মিন অং হ্লাইং-এর সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করেন। উভয় নেতা ভারত ও মায়ানমারের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক, বিশেষ করে যোগাযোগ, সক্ষমতা বৃদ্ধি, পরিকাঠামো উন্নয়ন এবং আরও অনেক ক্ষেত্র নিয়ে আলোচনা করেন।

**************************

**C.M-Bramhakunda Mela :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ মোহনপুর মহকুমার সিমনার ব্রহ্মকুন্ডে তিন দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করেন। অশোকাষ্টমী উপলক্ষে আয়োজিত এই মেলা ও প্রদর্শনীর অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মেলার মধ্যে দিয়ে মেলবন্ধন দৃঢ় হয়। রাজ্য সরকারের এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরার আদর্শ এই ধরনের মেলার মধ্যে দিয়ে সার্থকতা লাভ করবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের ধর্মীয় স্থানগুলিকে ধর্মীয় পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন। ত্রিপুরার উদয়পুরে ৫১ শক্তিপীঠ গড়ে তুলতে কেন্দ্রীয় সরকার প্রায় ৯৮ কোটি টাকা দিয়েছে।

চৌদ্দ দেবতা বাড়ি, কসবা কালী বাড়ি উন্নয়নে সরকারের উদ্যোগ রয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, রক্ষ্মকুন্ডের ধর্মীয় মাহাত্ম্য রয়েছে। এই ব্রক্ষ্মকুন্ডের উন্নয়নে রাজ্য বাজেটে ১৪ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। রাজ্যের জাতি উপজাতির সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে ধরে রাখতে এই ধরনের উৎসবের গুরুত্ব রয়েছে বলে মন্তব্য করেন তিনি।

########Byte-CM########

অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিল্প বানিজ্য রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা, পশ্চিমজেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার। উপস্থিত ছিলেন, পশ্চিম জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল, এডিসির শিক্ষা বিভাগের নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা প্রমুখ।

**************************

**Ashokastami Mela-Unakoti :**

যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় প্রত্নভূমি ঊনকোটিতে অশোকাষ্টমী উপলক্ষ্যে আজ দু'দিনের ঐতিহ্যবাহী মেলার উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সহকারী সভাধিপতি সন্তোষ ধর, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ। মেলা উপলক্ষ্যে আজ সারারাতব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাজ্য-বর্হিরাজ্য থেকে প্রচুর পুন্যার্থী ঊনকোটিতে সমবেত হয়েছেন। মেলা উপলক্ষ্যে বিভিন্ন দপ্তরের প্রর্দশনী স্টল খোলা হয়েছে। আগামীকাল ভোরে ঊনকোটির পবিত্র সীতাকুণ্ডে পুন্যার্থীরা অবগাহন করবেন।

*************************

**S/C Welfare Minister :**

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার ফটিকরায় আম্বেদকর কলেজকে দশটি কম্পিউটার প্রদান করেন। তপশিলী জাতি কল্যাণ দপ্তরের অর্থানুকুল্যে এগুলি প্রদান করা হয়েছে। এদিকে কলেজের

এলামনি এসোসিয়েশনের ক্রয় করা ৫৪ শতক জমির দলিল আজ আনুষ্ঠানিকভাবে কলেজ কর্তৃপক্ষকে হস্তান্তর করা হয়। এই জমিতে কলেজের খেলার মাঠ গড়ে উঠবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা, এলামনি এসোসিয়েশনের সভাপতি রাজীব দাস প্রমুখ।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM-BIMSTEC :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিমসটেক-এ প্রতিষ্ঠান ও সক্ষমতা বৃদ্ধির জন্য ভারতের নেতৃত্বে বেশ কয়েকটি উদ্যোগের ঘোষণা করেছেন। ব্যংককে ষষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করে শ্রী মোদী উল্লেখ করেছেন যে ভারতে দুর্যোগ ব্যবস্থাপনা, সুস্থায়ী সামুদ্রিক পরিবহন, ঐতিহ্যবাহী চিকিৎসা এবং কৃষিতে গবেষণা ও প্রশিক্ষণের জন্য বিমসটেক উৎকর্ষ কেন্দ্র স্থাপন করা হবে। তিনি তরুণদের দক্ষতা বৃদ্ধির জন্য একটি নতুন কর্মসূচি - বোধির ঘোষণা করেছেন যার অধীনে পেশাদার, শিক্ষার্থী, গবেষক, কূটনীতিক এবং অন্যান্যদের প্রশিক্ষণ এবং বৃত্তি প্রদান করা হবে। তিনি ডিজিটাল পাবলিক পরিকাঠামোতে আঞ্চলিক চাহিদা মূল্যায়নের জন্য ভারতের একটি পাইলট গবেষণা এবং এই অঞ্চলে

ক্যান্সারের চিকিৎসার জন্য একটি সক্ষমতা বৃদ্ধির কর্মসূচির প্রস্তাবও দিয়েছেন। বৃহত্তর আঞ্চলিক অর্থনৈতিক একীকরণের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী ভারতে বিমসটেক চেম্বার অফ কমার্স প্রতিষ্ঠা এবং বিমসটেক প্রতিবছর ব্যবসায়িক শীর্ষ সম্মেলন আয়োজনের প্রস্তাব দিয়েছেন।

মায়ানমার এবং থাইল্যান্ডে ভয়াবহ ভূমিকম্পে প্রাণহানির জন্য শ্রী মোদী তার সমবেদনা জানিয়েছেন। বিমসটেক গ্রুপকে সফলভাবে পরিচালনা করার জন্য তিনি থাই প্রধানমন্ত্রী পেটোংটার্ন সিনাওয়াত্রাকে ধন্যবাদ জানিয়েছেন। দক্ষিণ এশিয়া এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার মধ্যে একটি গুরুত্বপূর্ণ সেতু হিসেবে বিমসটেককে তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন যে এই গ্রুপ আঞ্চলিক সহযোগিতা, সমন্বয় এবং অগ্রগতির জন্য একটি কার্যকর প্ল্যাটফর্ম হয়ে উঠেছে। তিনি বিমসটেকের এজেন্ডা এবং সক্ষমতা আরও জোরদার করার আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বিমসটেক সামুদ্রিক পরিবহন চুক্তি স্বাক্ষর, বিমসটেক ব্যাংকক ভিশন ২০৩০ গ্রহণ এবং বিমসটেক বিশিষ্ট ব্যক্তিদের গোষ্ঠীর প্রতিবেদন গ্রহণকে স্বাগত জানিয়েছেন। বিমসটেক সদস্য রাষ্ট্রগুলি শীর্ষ সম্মেলন ঘোষণাপত্রও গ্রহণ করেছে।

শ্রী মোদী ব্যাংককের ওয়াট ফো বৌদ্ধ মন্দির পরিদর্শন করেছেন। থাইল্যান্ড সফর সফলভাবে শেষ করার পর, প্রধানমন্ত্রী মোদী তার দুই দেশের সফরের দ্বিতীয় পর্যায়ে শ্রীলঙ্কার উদ্দেশ্যে রওনা হয়েছেন।

********************************

**Waqf Bill :**

আজ সংসদের উভয় কক্ষের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি ঘোষণা করা হয়েছে। এর সঙ্গে সঙ্গে সংসদের বাজেট অধিবেশন শেষ হয়েছে। এই অধিবেশন গত ৩১শে জানুয়ারী শুরু হয়েছিল।

লোকসভায় সমাপ্তি ভাষণে, অধ্যক্ষ ওম বিড়লা উল্লেখ করেন যে বাজেট অধিবেশনে নিম্নকক্ষ ১৬টি বিল পাস করেছে। এর আগে, সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, রাজ্যসভায় ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৫ নিয়ে ১৭ ঘন্টারও বেশি আলোচনা হয়েছে, যা ইতিহাসে সর্বোচ্চ। তিনি বলেন, লোকসভায়ও বিলটির উপর প্রায় ১৪ ঘন্টা আলোচনা হয়েছে। তিনি

বলেন যে, সমস্ত নিয়ম ও পদ্ধতি অনুসরণ করে আইনটি পাস করা হয়েছে।

এদিকে, ওয়াকফ বিল নিয়ে প্রতিক্রিয়া জানালেন সাংসদ রাজীব ভট্টাচার্য। আজ নয়াদিল্লিতে তিনি সাংবাদিকদের বলেন, ওয়াকফ বিল মুসলিম সম্প্রদায়ের জনগণের জন্য ন্যায়বিচার ও সাম্যের যুগের সূচনা করবে। এই ওয়াকফ বিল সংসদে অনুমোদনের ফলে গোটা মুসলিম সম্প্রদায়ের মানুষ উপকৃত হবেন।

#######Byte-Rajib Bhattacharjee######

***********************************

**Basanti Puja :**

সপ্তমী পূজার মধ্যে দিয়ে আজ চারদিন ব্যাপি বাসন্তী পুজা শুরু হয়েছে। গতকাল রাতে ষষ্ঠী ও বোধনের মধ্যে দিয়ে দেবী বাসন্তীকে আবাহন করা হয়েছে। চিরাচরিত ঐতিহ্য মেনে আগরতলার দুর্গাবাড়িতে বাসন্তী পূজার আয়োজন করা হয়েছে। আজ সপ্তমী তিথির পূজোয় দুর্গাবাড়িতে বহু পুন্যার্থীর উপস্থিতি পরিলক্ষিত হয়। রাজ্যের বিভিন্ন ক্লাব ও বাড়িঘরে বাসন্তী পূজোর আয়োজন করা হয়েছে।

*******************************

**ATGDA :**

অল ত্রিপুরা গভর্নমেন্ট ডক্টরস এসোসিয়েশন, ঊনকোটি এবং শ্রীরামপুর সার্বজনীন বাসন্তী পূজা কমিটির উদ্যোগে আজ শ্রীরামপুর ট্রাই জংশনে আজ এক রক্তদান শিবির এবং স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ২১ জন স্বেচ্ছায় রক্তদান করেন। শিবিরে ৮৬ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়। উপস্থিত ছিলেন অল ত্রিপুরা গভর্নমেন্ট ডক্টরস এসোসিয়েশন ঊনকোটি জেলা কমিটির সভাপতি ডাঃ শঙ্খ শুভ্র দেবনাথ, সাধারণ সম্পাদক ডাঃ অরূপ চক্রবর্তী।

*****************************

**CM-Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে আজ টিআইএফটি ওয়ার রুমে আগরতলা ডেন্টাল কলেজের নতুন ভবন এবং হোস্টেল নির্মাণ বিষয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। তিনি কলেজটি পরিচালনায় প্রতিটি বিষয়ে ডেন্টাল কাউন্সিল অফ ইন্ডিয়ার নির্দেশিকা মেনে চলার উপর গুরুত্ব আরোপ করেন। উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে সহ স্বাস্থ্য দপ্তরের পদস্থ আধিকারিকগণ।

*************************

**Accident :**

আমতলী থানাধীন সূর্যমনিনগরে জাতীয় সড়কে আজ লরি ও বাইকের সংঘর্ষে কিষান সরকার নামে এক বাইক চালক প্রাণ হারিয়েছে। তার বাড়ি আমতলী থানাধীন গাবতলী এলাকায়।

এদিকে, আজ দুপুরে দক্ষিণ জেলার জোলাইবাড়ি বাইপাসে সড়ক দুর্ঘটনায় শ্যামল বৈদ্য নামে এক অটো চালক প্রাণ হারায়। পুলিশ সূত্রে এখবর জানা গেছে।

**************************

**CPIM-South :**

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত নৃপেন চক্রবর্তীর ১২১তম জন্মদিন আজ বিলোনিয়া সিপিআইএম অফিসে যথাযথ মর্যাদায় পালিত হয়। প্রয়াত নৃপেন চক্রবর্তীর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান বিধায়ক দীপংকর সেন, সিপিআইএম দক্ষিণ জেলার ভারপ্রাপ্ত সম্পাদক মিহির পাটারী, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক বিজয় তিলক প্রমুখ। প্রয়াত নৃপেন চক্রবর্তীর কর্মময় জীবনের নানা দিক নিয়ে আলোচনা করেন বিধায়ক দীপংকর সেন।

******************************

**Congress-Press Meet :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা আজ আগরতলায় প্রদেশ কংগ্রেস ভবনে এক সাংবাদিক সম্মেলনে জানান, ২০২৩ সালের ১৮ই সেপ্টেম্বর সিপাহীজলার তদানিন্তন জেলাশাসক রাজ্য সরকারকে চিঠি দিয়ে সিপাহীজলা জেলার জমি কেলেঙ্কারির ঘটনা সম্পর্কে বিস্তারিত জানিয়েছিলেন। কিন্তু রাজ্য সরকারের পক্ষ থেকে এখনো পর্যন্ত কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়নি। শ্রী সাহা এই ঘটনার তদন্ত ভার সিবিআইয়ের হাতে দেবার জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছেন।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে।

****************************